

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGGE-501T/369

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(5th Semester)

Course No. : BNGGE-501T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর
দাও :

১×২০=২০

UNIT—I

- ১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?
- ২। হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?
- ৩। কোন্ কবি 'চর্যাপদ'-এর সর্বাধিক পদ রচনা করেছেন?
- ৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল?
- ৫। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কয়টি বণ্ড আছে?

(2)

UNIT—II

- ৬। 'পূর্বরাগ-এর' শ্রেষ্ঠ কবি কে?
- ৭। 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়?
- ৮। 'অভিসার' রস পর্যায়ের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?
- ৯। যে কোনো একজন চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ১০। 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কার লেখা?

UNIT—III

- ১১। নারায়ণ দেব-এর কাব্য কী নামে পরিচিত?
- ১২। 'মনসাবিজয়' কে রচনা করেছেন?
- ১৩। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত?
- ১৪। 'ধর্মমঙ্গল' কাব্যের যে কোনো একজন জনপ্রিয় কবির নাম লেখো।
- ১৫। 'অন্নদামঙ্গল' কাব্যটির রচয়িতা কে?

(3)

UNIT—IV

- ১৬। "কৃষ্ণিবাস এ বঙ্গের অলঙ্কার।" উক্তিটি কার?
- ১৭। কৃষ্ণিবাসের পিতার নাম কী?
- ১৮। বাংলা 'রামায়ণ' অনুবাদের ধারায় একজন মহিলা কবির নাম লেখো।
- ১৯। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?
- ২০। কবি কাশীরাম দাস কোন শতকের কবি?

UNIT—V

- ২১। 'শাক্ত পদাবলী'র প্রধান রস কী?
- ২২। রামপ্রসাদ রচিত শাক্ত গীতিগুলি কী নামে পরিচিত?
- ২৩। 'সাধক রঞ্জন' কার রচনা?
- ২৪। দৌলত কাজী কোন রাজসভার কবি ছিলেন?
- ২৫। 'পদ্মাবতী' কে রচনা করেছিলেন?

(4)

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও : $2 \times 5 = 10$

UNIT—I

- ২৬। 'চর্যাপদ' কোথা থেকে, কী নামে পুস্তকাকারে প্রকাশিত
হয়েছিল?
- ২৭। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা কেন বলা হয়েছে?

UNIT—II

- ২৮। বিদ্যাপতি রচিত দুইটি গ্রন্থের নাম লেখো।
- ২৯। চৈতন্য-পূর্ব যুগের দুজন বিশিষ্ট পদকর্তার নাম উল্লেখ করো।

UNIT—III

- ৩০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।
- ৩১। 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি কয়টি এবং কী কী?

UNIT—IV

- ৩২। কৃষ্ণিবাস ওঝার জন্মতিথি ও জন্মবার কী ছিল?
- ৩৩। কাশীরাম দাসের পিতার নাম কী ছিল? তিনি 'মহাভারত'-এর
কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান?

24J/368

(Continued)

(5)

UNIT—V

- ৩৪। 'শাক্ত পদাবলী'র দুটি পর্যায়ের নাম লেখো।
- ৩৫। দৌলত কাজীর রোমান্টিক আখ্যান কাব্যটির নাম কী? এই
আখ্যানকাব্যের শেষাংশ কে রচনা করেন?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও : $8 \times 5 = 40$

UNIT—I

- ৩৬। 'চর্যাপদ'-এর পদগুলোতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের
যে চিত্র প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও।
- ৩৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে
সংক্ষেপে আলোচনা করো।

UNIT—II

- ৩৮। বিদ্যাপতির পদাবলীর একটি রসগ্রাহী আলোচনা করে তাঁর
কবিকৃতির বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।
- ৩৯। চৈতন্য মহাপ্রভুর জীবনকে অবলম্বন করে বাংলা ভাষায় রচিত যে
কোনো একটি জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

UNIT—III

- ৪০। যে কোনো একজন 'মনসামঙ্গল' কাব্য রচয়িতার কবিকৃতি
সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৪১। মুকুন্দরাম চক্রবর্তীকে 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কেন
বলা হয়, আলোচনা করো।

24J/368

(Turn Over)

UNIT—IV

- ৪২। অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাস অনূদিত 'রামায়ণ'-এর অনন্যতা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ৪৩। বাংলা ভাষায় সংস্কৃত 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও।

UNIT—V

- ৪৪। 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলিতে মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৪৫। সপ্তদশ শতকের কবি আলাওলের সাহিত্যকৃতির পরিচয় দাও।
